



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশে
www.bb.org.bd



ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং ৪৬

১১ কার্তিক ১৪২৮

তারিখঃ -----
২৭ অক্টোবর ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

খাতভিত্তিক বকেয়া ঋণসংক্রান্ত ত্রৈমাসিক বিবরণী প্রেরণের ক্ষেত্রে বিদ্যমান ছক ও ফর্মুলা সংশোধন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের ৩০ আগস্ট ২০১৬ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-১৯ এবং তদসংযুক্ত বিবরণীর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলার লেটারে খাতভিত্তিক ঋণের বিশ্লেষণকে অধিকতর কার্যকর ও তথ্যবহুল করার লক্ষ্যে সংশোধিত ছক অনুযায়ী সেপ্টেম্বর ২০১৬ হতে খাতভিত্তিক ঋণ ও অগ্রিম সংক্রান্ত ত্রৈমাসিক বিবরণী (ডিবি-৮) প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।

২। এক্ষণে ব্যাংকসমূহের খাতভিত্তিক ঋণ ও অগ্রিম সংক্রান্ত তথ্য যথাযথভাবে বিশ্লেষণের উদ্দেশ্যে সংযুক্তি ‘ক’ এ বর্ণিত ফর্মুলাসমূহ অনুসরণপূর্বক বকেয়া ঋণের স্থিতি, ঋণ আদায় ও বিতরণের পরিমাণ নিরূপণের নির্দেশনা প্রদান করা হলো।

৩। বিদ্যমান ছকে প্রদত্ত ৮ (আট) টি খাতের মধ্যে Industrial (Manufacturing) খাতের অন্তর্ভুক্ত Agro-based Industry উপখাতের পর এবং Other Industries (Large Scale) উপখাতের পূর্বে Pharmaceutical Industry এবং Leather & Leather-based Industry-উপখাত সন্নিবেশপূর্বক খাতভিত্তিক ঋণ ও অগ্রিম সংক্রান্ত বিবরণী (ডিবি-৮) এ বিভাগে দাখিল করতে হবে।

৪। এই সার্কুলার লেটারের নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০০৯৩

সংযুক্তি- ক

১. বকেয়া ঋণ/বিনিয়োগ স্থিতি, মেয়াদি ও তলবি ঋণ/বিনিয়োগ বিতরণ ও আদায় সংক্রান্ত ফর্মুলা :

ঋণ/ বিনিয়োগের প্রকৃতি ব্যাংকের ধরণ	প্রচলিত ধারার ব্যাংক	ইসলামী শরীয়াহভিত্তিক ব্যাংক
বকেয়া ঋণ/বিনিয়োগ স্থিতি (O_c)	$O_p + D_c - R_c + I_c + OC_c - RW_c$	$O_p + D_c - R_c + MR_c + OC_c + C_c - RW_c$
মেয়াদি ও তলবি ঋণ/বিনিয়োগ বিতরণ (D_c)	$O_c - O_p + R_c - I_c - OC_c + RW_c$	$O_c - O_p + R_c - MR_c - OC_c - C_c + RW_c$
মেয়াদি ও তলবি ঋণ/ বিনিয়োগ আদায় (R_c)	$O_p + D_c - O_c + I_c + OC_c - RW_c$	$O_p + D_c - O_c + MR_c + OC_c + C_c - RW_c$

Where,

O_c = Outstanding balance at the end of the reporting quarter

O_p = Outstanding balance at the end of the preceding quarter

D_c = Principal amount disbursed during the reporting quarter

R_c = Recovery of principal amount with interest and other charges during the reporting quarter

I_c = Charged interest during the reporting quarter

OC_c = Other Charges (including Penalty charge, Excise duty, SMS charge, Clearing charge etc.) during the reporting quarter

RW_c = Rebate and Waiver amount during the reporting quarter

MR_c = Mark up/Profit/Rent charged during the reporting quarter

C_c = Compensation during the reporting quarter

২. চলমান ঋণ বিতরণ ও আদায় (প্রচলিত ধারার ব্যাংক ও ইসলামী শরীয়াহভিত্তিক ব্যাংক উভয়ের জন্য প্রযোজ্য) :

$$\text{Continuous loan/investment disbursement \& recovery} = \sum d_i - \sum r_i$$

$\sum d_i$ = Summation of all principal debits during the quarter

$\sum r_i$ = Summation of all principal credits during the quarter

- If result of the equation is positive at the end of a particular quarter, then count the amount as 'Disbursement'
- If the result is negative at the end of a particular quarter, then add interest/mark up (charged during the quarter) and other charges recovery with that figure; the total amount will be reported as 'Recovery' (Negative figure derived from equation should be count as positive)
- If the equation result is '0' at the end of a particular quarter, interest/mark up (charged during the quarter) and other charges recovery will be reported as 'Recovery'

